**30T MBEN**

# 2020

# BENGALI

## (MODERN INDIAN LANGUAGE)

## (NEW & Old COURSE)

**Full Marks : 100**

**Pass Marks : 30**

**Time : Three hours**

*The figures in the margin indicate full marks for the questions.*

**GROUP–A (NEW COURSE)**
**Page Nos. 2 – 6 Q. Nos. 1 – 11**

**GROUP–B (OLD COURSE)**
**Page Nos. 7 – 11 Q. Nos. 1 – 11**

**NEW COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | 1×2=2 |
| *Q. No. 2 carries 1 mark each* | | 1×10=10 |
| *Q. No. 3 carries 2½ marks each* | | 2×2=4 |
| *Q. No. 4 carries 3 marks each* | | 3×2=6 |
| *Q. No. 5 carries 3 marks each* | | 3×4=12 |
| *Q. No. 6 carries 3 marks each* | | 3×3=9 |
| *Q. No. 7 (a+b) carries 4 marks each* | | 4×2=8 |
| *Q. No. 8 (a+b) carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 9 carries the following marks* | | |
| | *(a)* | 1×5=5 |
| | *(b)* | 1×5=5 |
| *Q. No. 10 carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 2×4=8 |
| | *(c)* | 3×2=6 |
| | *(d)* | 1×2=2 |
| *Q. No. 11 carries 10 marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

**OLD COURSE**

| | | |
|---|---|---|
| *Q. No. 1 carries 1 mark each* | | 1×2=2 |
| *Q. No. 2 carries 1 mark each* | | 1×8=8 |
| *Q. No. 3 carries 2 marks each* | | 2×2=4 |
| *Q. No. 4 carries 3 marks each* | | 3×3=9 |
| *Q. No. 5 carries 3 marks each* | | 3×2=6 |
| *Q. No. 6 carries 4 marks each* | | 4×2=8 |
| *Q. No. 7 (a+b) carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 8 (a+b) carries 9 marks* | | 4+5=9 |
| *Q. No. 9 carries the following marks* | | |
| | *(a)* | 1×4=4 |
| | *(b)* | 2×3=6 |
| | *(c)* | 1×4=4 |
| | *(d)* | 2×2=4 |
| | *(e)* | 1×2=2 |
| *Q. No. 10 carries 15 marks* | | 1×15=15 |
| *Q. No. 11 carries 10 marks* | | 1×10=10 |
| | | Total = 100 |

## GROUP–A

**(For New Course)**

১। অর্থ লেখো ঃ (ক) স্পন্দন *অথবা* ভাটিয়ালি 1+1=2 — ১+১=২

(খ) সহিষ্ণুতা *অথবা* মফস্বল

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও ঃ ১×১০=১০

(ক) সেঁউতী বলতে কী বোঝো ?

(খ) 'কৃপণ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ?

(গ) 'খরা' কবিতাটির কবি কে ?

(ঘ) 'কুলিমজুর' কবিতাটির রচয়িতা কে ?

(ঙ) "কোনোও চেষ্টাই একেবারে ________ হয় না।" *(শূন্যস্থান পূর্ণ করো)*

(চ) দিসাং নদীর উৎস কোথায় ?

(ছ) 'মাস্টার মহাশয়' গল্পের লেখক কে ?

(জ) উচ্ছবের প্রকৃত নাম কী ?

(ঝ) প্লেটোর মতে শিক্ষার লক্ষ্য কী হওয়া উচিত?

(ঞ) 'মনোবিজ্ঞান' বলতে কী বোঝ?



৩। সংক্ষেপে লেখো ঃ ২+২=৪

(ক) বরযাত্রায় কার বাহক হওয়ার কথা ছিল এবং শেষপর্যন্ত কে বাহকের ভূমিকা পালন করেন ?

(খ) "কেবল পাঁচুর মা সে-দৃশ্য দেখিল না"— *(অ)* পাঁচুর মায়ের নাম কী? *(আ)* 'সে দৃশ্য'টি কী, তা বর্ণনা করো।

৪। টীকা লেখো ঃ ৩+৩=৬

(ক) বাবুসা'ব *অথবা* গম্ভীরা

(খ) শ্রীমন্তশংকরদেব *অথবা* বনফুল

৫। ***যে কোনো চারটি*** প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৪=১২

(ক) "এদিকে তিনি মাটির মানুষ কিন্তু তেজে একেবারে পরিপূর্ণ ছিলেন"—এখানে কার কথা বলা হয়েছে? 'মাটির মানুষ'-এর অর্থ কী?

(খ) অধ্যাপক ল্যাঙলি কি তৈরি করেছিলেন? তাঁর আকাশযান পরীক্ষার ফলাফল কী হয়েছিল ?

(গ) "উভয় মাস্টারের পরস্পরের প্রতি এই অপবাদ প্রয়োগের ফল এই হইল, উভয় গ্রামই স্ব স্ব মাষ্টারের অসাধারণ পাণ্ডিত্য সম্বন্ধে সন্দিহান হইয়া উঠিল"— *(অ)* 'উভয় মাস্টার' কে কে? *(আ)* 'উভয় গ্রাম' বলতে কোন দুটি গ্রামকে বোঝানো হয়েছে?

(ঘ) গণেশ তার পালক-গিন্নির বিভিন্ন কাজে কীভাবে সাহায্য করত, তার বর্ণনা দাও।

(ঙ) "রন্ন হল মা নক্কী"—কার উক্তি? 'রন্ন' ও 'নক্কী' বলতে কী বোঝ?

৬। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) "অভিমানে সমুদ্রেতে ঝাঁপ দিলা ভাই।" বক্তার ভাই কে? তার সমুদ্রে ঝাঁপ দেওয়ার পৌরাণিক প্রসঙ্গটি কী?

(খ) চতুর্দশপদী কবিতা কাকে বলে?

(গ) "আমাদের খাঁচার ভিতরে একই অচিন পাখির আনাগোনা"—এখানে 'খাঁচা' বলতে কী বোজানো হয়েছে? 'অচিন পাখি'টি কী?

(ঘ) "এইখানে শেষ নয়, এই সবে শুরু"—বক্তব্যটির তাৎপর্য বিশ্লেষণ করো।

৭। উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা আমাদের কী প্রয়োজন সাধন করে? বিস্তারিত লেখো।

*অথবা*

*যে কোনও দুটি* বিষয়ের ওপর আলোকপাত করো ঃ

সামাজিক মূল্যবোধ, নন্দনতাত্ত্বিক মূল্যবোধ, নৈতিক মূল্যবোধ

(খ) জীবনের কোন সময়কে কৈশোরকাল বলা হয়? এই বয়সের সময়সীমা উল্লেখ করে বৈশিষ্ট্যগুলি লেখো।

*অথবা*

কী ধরনের শিক্ষাব্যবস্থা কৈশোরকালের উপযোগী? উদাহরণ সহকারে বর্ণনা করো।

৮। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৪+৫=৯

(ক) "মাতৃ-ভাষা-রূপে খনি, পূর্ণ মণিজালে।"

*অথবা*

দিলেম যা রাজ-ভিখারিরে স্বর্ণ হয়ে এল ফিরে—
তখন কাঁদি চোখের জলে দুটি নয়ন ভ'রে,
তোমায় কেন দিইনি আমার সকল শূন্য করে?



(খ) দ্বার আমাদের রুদ্ধ, ঘর আমাদের অন্ধকার, দীক্ষা আমাদের ঋক্‌মন্ত্রে, কথা আমাদের চুপিচুপি—ইহাতেই সকলের রোমহর্ষণ হইত আর বেশি-কিছুই প্রয়োজন ছিল না।

*অথবা*

উচ্ছ্ব বলে চলেছিল ভগমান। ভগমান! ভগমান! কিন্তু এমন দুর্যোগে ভগবান ও কাঁথামুড়ি দিয়ে ঘুমোন বোধ করি। ভগমান! ভগমান!

৯। ক-অংশ ও খ-অংশ থেকে *একটি* করে প্রশ্নের উত্তর দাও ঃ ৫+৫=১০

(ক) 'কৃপণ' কবিতায় কৃপণ কে—ভিখারি না রাজ-ভিখারি? তোমার মন্তব্যের স্বপক্ষে যুক্তি দাও।

*অথবা*

'পূব-পশ্চিম' কবিতাটিতে এক প্রবল আশাবাদ ধ্বনিত হয়েছে। নানা ধরনের বিভেদ ও বিভাজনের পরিপ্রেক্ষিতে এই আশাবাদের স্বরূপ ব্যক্ত করো।

(খ) 'মন্ত্রের সাধন' প্রবন্ধের মূল বক্তব্য বিশ্লেষণ করো।

*অথবা*

"পরদিন শোনা গেল হারান মাষ্টার নন্দীপুর ত্যাগ করিয়া চলিয়া গিয়াছে।"—যে ঘটনা এই পরিণতি ডেকে এনেছে, তা সংক্ষেপে বর্ণনা করো।

১০। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) নিচের *যে কোনো চারটি* প্রবাদ-প্রবচনের অর্থ লেখো ঃ ১×৪=৪

কিলিয়ে কাঁঠাল পাকানো, খাল কেটে কুমির আনা, ঘুষের টাকা ফুস, নগর পুড়িলে দেবালয় কি এড়ায়, মরা হাতি লাখ টাকা, হক কথার মার নেই।

(খ) নিচের *যে কোনো চারটি* বাগ্‌বিধির অর্থ লেখো ও বাক্যরচনা করো ঃ ২×৪=৮

অকাল কুষ্মাণ্ড, আষাঢ়ে গল্প, ঊনপঞ্চাশ বায়ু, কেঁচো খুড়তে সাপ, মগের মুল্লুক, যক্ষের ধন।

(গ) নিচের *যে কোনো তিনটির* ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো : ২×৩=৬

অহোরাত্র, উইপোকা, নিখরচা, বিলাতফেরত, সপ্তর্ষি।

(ঘ) নিচের *যে কোনো দুটি* শব্দের *দুটি* করে প্রতিশব্দ লেখো : ১+১=২

অটল, ঈর্ষা, জগৎ।

১১। *যে কোনো একটি* বিষয়ে রচনা লেখো : ১০

(ক) অসমের প্রাকৃতিক সম্পদ

(খ) তোমার প্রিয় গ্রন্থ

(গ) আধুনিক জীবনে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার প্রয়োজনীয়তা

(ঘ) ছাত্রজীবনের দায়িত্ব ও কর্তব্য।

——×——



## GROUP-B

**(For Old Course)**

১। অর্থ লেখো : (ক) রুদ্ররোষ *অথবা* পল্লব ১+১=২

(খ) দুন্দুভি *অথবা* সর্ববিদ্যাবিশারদ

২। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) মদিনা কোথায় অবস্থিত?

(খ) 'দুর্ভাগা দেশ' কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত ?

(গ) জসিমউদ্দিনের লেখা 'নক্সী কাঁথার মাঠ' কাব্যগ্রন্থটির প্রকাশকাল কবে?

(ঘ) 'মার্জার' শব্দের অর্থ লেখো।

(ঙ) রাজশেখর বসুর ছদ্মনাম কী?

(চ) William Beebe-র লেখা গ্রন্থটির নাম কী?

(ছ) "মূল্যবোধ কোনও ———— গুণ নয়।" *(শূন্যস্থান পূর্ণ করো)*

(জ) কৈশোর কাল বা যৌবন কাল (Adolescence) শব্দটি কোন শব্দ থেকে এসেছে?

৩। টীকা লেখো : ২+২=৪

(ক) জেন্দ আবেস্তা *অথবা* বেহুলা

(খ) ডারউইন *অথবা* ওয়াটার্লু

৪। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×৩=৯

(ক) পল্টুর অসুস্থ অবস্থায় পরেশ কোষ্ঠী নিয়ে কার কাছে গিয়েছিলেন ? তিনি কী বিধান দিয়েছিলেন?

(খ) গুরুচরণের প্রতি হরিচরণ এবং তার স্ত্রীর মনোভাব কেমন ছিল ? প্রসংগপূর্বক আলোচনা করো।

(গ) "চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী"—কার উক্তি? পাঠ্যাংশ অবলম্বনে এমন উক্তির কারণ বিশ্লেষণ করো।

(ঘ) "এক শ্রেণীর কুযুক্তির ইংরাজী নাম 'begging the question'—কোন পাঠ থেকে গৃহীত ? 'begging the question'-এর অর্থ কী? উদাহরণসহ লেখো।

৫। *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×২=৬

(ক) "তোমার মঙ্গল ঢাকি গড়িছে সে ঘোর ব্যবধান"—কার মঙ্গলের কথা বলা হয়েছে? কীভাবে এই ঘোর ব্যবধান সৃষ্টি হয়েছে?

(খ) "ছেলে নয়, ও 'পাগল' লোহা যেন!"—কার বা কাদের উক্তি? কাকে উদ্দেশ্য করে বলা হয়েছে?

(গ) "যেখানে আসিয়া এক হয়ে গেছে সব বাধা-ব্যবধান"—'যেখানে' বলতে কবি কী বুঝিয়েছেন? কী ধরনের বাধা-ব্যবধানের কথা কবি বলেছেন?

৬। **ক-অংশ** থেকে *একটি* এবং **খ-অংশ** থেকে *একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) মূল্যবোধ শিক্ষা আমাদের জীবনে কতখানি আবশ্যক বলে তুমি মনে করো। যুক্তিসহ তোমার বক্তব্য তুলে ধরো।

*অথবা*

মূল্যবোধ বলতে কী বোঝায়? কীভাবে এই মূল্যবোধ সৃষ্টি হয়?



(খ) জীবনের কোন সময়কে কৈশোর কাল বলা হয়? এই বয়সের সময়সীমা উল্লেখ করে বৈশিষ্ট্যগুলো লেখো।

*অথবা*

শিশু বিকাশের ধারাকে রুশো ক'ভাগে ভাগ করেছিলেন? সেগুলো কী কী? কৈশোর কাল শিশু বিকাশের কোন স্তরের অন্তর্ভুক্ত ?

৭। সপ্রসঙ্গ ব্যাখ্যা করো ঃ ৪+৫=৯

(ক) কালোয় যে জন আলো বানায়, ভুলায় সবার মন,
তারি পদরজের লাগি লুটায় বৃন্দাবন।

*অথবা*

দেখিতে পাওনা তুমি মৃত্যুদূত দাঁড়ায়েছে দ্বারে
অভিশাপ আঁকি দিল তোমার জাতির অহংকারে।

(খ) বিজ্ঞাপন এখন একটি চারুকলা হয়ে উঠেছে।

*অথবা*

কেহ মরে বিল ছেঁচে, কেহ খায় কই।

৮। উত্তর লেখো ঃ ৪+৫=৯

(ক) 'রূপাই' কবিতায় কবি বাংলাদেশের নানা প্রাকৃতিক উপাদানের সঙ্গে তুলনা করে রূপাইয়ের যে রূপ বর্ণনা করেছেন, তা নিজের ভাষায় বর্ণনা করো।

*অথবা*

"এই হৃদয়ের চেয়ে বড় কোনও আর মন্দির-কাবা নাই"—উদ্ধৃতিটির আলোকে 'সাম্যবাদী' কবিতার বিষয়বস্তু আলোচনা করো।

(খ) 'পরেশ' গল্প অবলম্বনে গুরুচরণের চরিত্র বর্ণনা করো।

*অথবা*

'বিড়াল' প্রবন্ধে চুরির মূল কারণ সম্বন্ধে যা বলা হয়েছে এবং তা প্রতিকারের জন্য যে ইঙ্গিত রয়েছে তা আলোচনা করো।

৯। নির্দেশ অনুসারে উত্তর দাও ঃ

(ক) সূত্র নির্দেশ করে ***যে কোনো চারটির*** সন্ধি বিচ্ছেদ করো ঃ ১×৪=৪

মহাশয়, শারদোৎসব, স্বাধীন, পরস্পর, বিবেকানন্দ, উচ্ছেদ।

(খ) নিচের ***যে কোনো তিনটির*** ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো ঃ ২×৩=৬

ধনদৌলত, আসমুদ্র, নামমাত্র, দেবর্ষি, উপবন।

(গ) নিচের ***যে কোনো চারটির*** প্রত্যয় নির্ণয় করো ঃ ১×৪=৪

গমন, বাবুয়ানা, ঘটকালি, পাকামি, দেশীয়, বার্ষিক।

(ঘ) নিচের ***যে কোনো দুটি*** বাগ্‌বিধির অর্থ লেখো ও বাক্য রচনা করো ঃ ২×২=৪

খয়ের খাঁ, চক্ষুলজ্জা, ঢাকের কাঠি, দহরম মহরম।

(ঙ) নিচের ***যে কোনো দুটি*** প্রবাদের অর্থ লেখো ঃ ১×২=২

অতি চালাকের গলায় দড়ি, নগর পুড়িলে দেবালয় কি এড়ায়, ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে, হিসাবের গরু বাঘে খায় না।

১০। ***যে কোনো একটি*** বিষয় অবলম্বনে রচনা লেখো ঃ ১৫

(ক) অসমের ভয়াবহ বন্যা ও তার প্রতিকার

(খ) তোমার প্রিয় লেখক

(গ) আধুনিক জীবনে বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যার প্রয়োজনীয়তা

(ঘ) মহৎ লোকের জীবনী পাঠের সার্থকতা



১১। সারাংশ লেখো ঃ ১০

দেশ সম্বন্ধে একটি কথা খুব স্পষ্ট করে বুঝতে হবে—দেশটা কেবল মাটি দিয়ে গড়া নয়, মানুষ দিয়েও গড়া। দেশকে ভালাবাসতে হলে সর্বাগ্রে দেশের মানুষকে ভালবাসতে হবে। মনে রাখতে হবে যে, দেশের সব চাইতে বড়ো সম্পত্তি হল দেশের মানুষ, দেশের জনবল একটা মস্ত বড়ো বল। ভারতবর্ষ আকারে কত বৃহৎ তা আমাদের জানা আছে। জনসংখ্যার দিক থেকেও ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশগুলির অন্যতম। সারা পৃথিবীর লোক সংখ্যা ধরলে দেখা যায়, তার প্রায় এক-ষষ্ঠাংশ বাস করে ভারতবর্ষে। অর্থাৎ প্রতি ছ'জন মানুষের মধ্যে একজন ভারতবাসী। গর্ব করবার মতো কথা বটে কিন্তু শুধু সংখ্যাতেই সব সময় কাজ দেয় না। মাত্র পাঁচ কোটি ইংরেজ চল্লিশ কোটি ভারতবাসীর ওপর কত বৎসর রাজত্ব করে গেল। এর একমাত্র কারণ আমাদের নিজেদের মধ্যে মিল ছিল না।

*অথবা*

দেবতা-মন্দির মাঝে ভকত প্রবীণ,
জপিতেছে জপমালা বসি' নিশিদিন।
হেনকালে সন্ধ্যাবেলা, ধূলিমাখা-দেহে
বস্ত্রহীন জীর্ণ-দীন পশিল সে গেহে;
কহিল কাতর কণ্ঠে—"গৃহ মোর নাই,
একপাশে দয়া করে দেহ মোরে ঠাঁই।"
সসঙ্কোচে ভক্তবর কহিলেন তারে—
"আরে আরে অপবিত্র দূর হয়ে যারে।"
সে কহিল, "চলিলাম"—চক্ষের নিমেষে
ভিখারী ধরিল মূর্তি দেবতার বেশে।
ভক্ত কহে, "প্রভু মোরে কি ছল ছলিলে।"
দেবতা কহিল, "মোরে দূর করি দিলে।
জগতে দরিদ্র রূপে ফিরি দয়া তরে,
গৃহহীনে গৃহ দিলে আমি থাকি ঘরে।"

——×——